



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১৬.৩৯.০০১.২০/ ২৫৭


তারিখ: ২২ জুলাই, ২০২০

বিজ্ঞপ্তি

কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ০১ আগস্ট, ২০২০ (১৭ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ) রোজ শনিবার ‘পবিত্র ঈদ-উল-আযহা’ উপলক্ষে সরকারী সাধারণ ছুটি এবং ৩১ জুলাই, ২০২০ ও ০২ আগস্ট, ২০২০ (১৬ ও ১৮ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ) রোজ শুক্রবার ও রবিবার ‘পবিত্র ঈদ-উল-আযহা (ঈদের পূর্বের ও পরের দিন)’ নির্বাহী আদেশে সরকারি ছুটি থাকায় কোম্পানির সকল কার্যালয় বন্ধ থাকবে। তবে পেট্রোবাংলার স্মারক নং-২৮.০২.০০০০.০১১.৩৪.০০২.১৯.৮৭, তারিখ: ১৬ জুলাই, ২০২০ মোতাবেক আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার সময় করোনা ভাইরাসের সংক্রমণের বিস্তার রোধে কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের ঈদের সরকারি ছুটি বা ঐচ্ছিক ছুটিতে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাঠ পর্যায়ে সকল প্রকল্প, কার্যালয়, উৎপাদন কার্যক্রম ও নিরাপত্তা শাখার যাবতীয় কাজ অব্যাহত থাকবে এবং প্রয়োজনে উপর্যুক্ত কাজে সহায়তা করার জন্য কেন্দ্রীয় যান্ত্রিক কারখানা, কেন্দ্রীয় ভান্ডার, টেলিফোন ও ফ্যাক্স চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


২২/০৭/২০২০
(মোঃ আসাদ উল্লাহ)
উপমহাব্যবস্থাপক (সংস্থাপন)

বিতরণ:

- ১। সকল বিভাগ/উপবিভাগ/শাখা প্রধান
- ২। সকল প্রকল্প/দল প্রধান/অধিকর্তা
- ৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি), বাপেক্স, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক শাখা, বাপেক্স, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। অফিস কপি।